“শেখ হাসিনার উদ্যোগ--ঘরে ঘরে বিদ্যুৎ”

**কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)**

Coal Power Generation Company Bangladesh Limited (CPGCBL)

**(An enterprise of Government of the People's Republic of Bangladesh)**

**'আলোকিত দেশ, যত্নে পরিবেশ'**

স্মারক নং: ২৭.৩২.০০০০.০০৭.১১.০৭১.১৬-**১০০০** তারিখঃ ২৬/১২/২০১৯ খ্রিঃ।

**বিষয়ঃ সিপিজিসিবিএল এর “সহকারী ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন)” পদে নিয়োগপত্র জারি প্রসঙ্গে।**

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল) এর স্মারক নং-২৭.৩২.০০০০.০০৭.১১.১২২-১৮-৫৩২; তারিখ: ০১/০৮/২০১৯ খ্রিঃ দ্বারা জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে সিপিজিসিবিএল এর নিয়োগ কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী নিম্নোক্ত প্রার্থী-কে সিপিজিসিবিএল এর “সহকারী ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন)” পদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রঃনং | রোল ও প্রার্থীর নাম | পিতার নাম ও স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | পদস্থিত দপ্তর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | রোল:-১০০১৩<br>নাম:- জনাব রেজা মোহাম্মদ তানভীর হাসান | পিতা:- মোহাম্মদ মফিজুল হক মাদ্রাসা বাড়ী, বগডহর, নবীনগর-৩৪১০, বি-বাড়িয়া | I/C, পলাশ, সোবহানবাগ অফিসার্স কোয়ার্টার (ই-টাইপ) (পুরাতন) সোবহানবাগ, ধানমন্ডি, ঢাকা। | সিপিজিসিবিএল কর্পোরেট অফিস, ঢাকা |

**নিয়োগের শর্তাবলী:-**

০১) **চাকুরির চুক্তির মেয়াদ:**

০১ (এক) বছর শিক্ষানবিশকালসহ এ চুক্তির মেয়াদ এক নাগাড়ে ০৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে যার প্রথম বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকাল (০১ বছর) শেষে নির্ধারিত তথ্যাদি প্রাপ্তি সাপেক্ষে চাকুরি চুক্তি সম্পাদন হবে এবং যোগদানের তারিখ হতে তা কার্যকর মর্মে গণ্য করা হবে।

০২) **শিক্ষানবিশকাল ও পরবর্তী মেয়াদ বৃদ্ধি/নবায়ন:**

১) শিক্ষানবিশকালে তাঁর কর্মদক্ষতা নির্ধারিত মানের নিম্ন বলে বিবেচিত হলে বা যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন বা চাকরির ক্ষেত্রে কোনো ধরনের শৃঙ্খলাভঙ্গজনিত কার্যক্রম গৃহীত হলে বা তথ্যগত ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য করা হবে এবং কোন কারণ দর্শানো ছাড়াই তাঁকে চাকরি হতে অপসারণ করা হবে;

২) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন হলে চাকরিতে চুক্তির পরবর্তী দুই বছরের মেয়াদ কার্যকর করা হবে এবং পরবর্তীতে মোট ০৩ (তিন) বছর (শিক্ষানবিশকাল ০১ বছর + অবশিষ্ট ০২ বছর) মেয়াদান্তে সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুসারে সন্তোষজনক কর্মমূল্যায়ন ও যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি/নবায়ন করা যাবে;

৩) সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন ও সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়া পর্যন্ত এ চুক্তির মেয়াদ নবায়নযোগ্য হতে পারে;

০৩) **পুলিশ ভেরিফিকেশন:**

যোগদানের সময় নির্বাচিত প্রার্থী-কে স্বহস্তে পূরণকৃত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম জমা দিতে হবে এবং সন্তোষজনক পুলিশি প্রতিপাদন প্রাপ্তি সাপেক্ষে ০১(এক) বছর শিক্ষানবিশকালের পর পরবর্তী চুক্তিভিত্তিক নিয়োজনের চুক্তি স্বাক্ষর সম্পাদন করা হবে। এক (০১) বছর সময়ের মধ্যে পুলিশি প্রতিপাদন না পাওয়া গেলে অথবা প্রতিপাদন অসন্তোষজনক হলে অথবা অন্যান্য পরীক্ষার সনদ মিথ্যা/ভুল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ছাড়াই প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে [পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম সিপিজিসিবিএল এর ওয়েব সাইটে (www.cpgcbl.gov.bd) পাওয়া যাবে]

০৪) **বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি**

| | | |
|---|---|---|
| ১) মাসিক মূল বেতন | : | ৫২,০০০/-(বায়ান্ন হাজার) টাকা। |
| ২) বাড়ি ভাড়া ভাতা | : | সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী। |
| ৩) চিকিৎসা ভাতা | : | সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী। |
| ৪) যানবাহন/যাতায়াত ভাতা | : | সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী। |
| ৫) টেলিফোন (দাপ্তরিক/আবাসিক) | : | সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী। |
| ০৫) **বার্ষিক বেতন বৃদ্ধি** | : | সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী। |
| ০৬) **উৎসব বোনাস** | : | প্রতি বছর দু'টি উৎসব বোনাস, প্রতিটি উৎসবের অব্যবহতি পূর্ববর্তী মাসে গৃহীত মূল বেতনের ভিত্তিতে। |
| ০৭) **বাংলা নববর্ষ ভাতা** | : | অব্যবহতি পূর্ববর্তী মাসে গৃহীত মূল বেতনের ২০% হারে। |
| ০৮) **শিক্ষা সহায়ক ভাতা** | : | সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী। |
| ০৯) **ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা** | : | সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী। |
| ১০) **ছুটি** | : | সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী। |

| | | |
|---|---|---|
| ১১) | **ছুটি নগদায়ন** | : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী। |
| ১২) | **ভবিষ্য তহবিল সুবিধা** | : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী। |
| ১৩) | **গ্রুপ ইন্স্যুরেন্স সুবিধা** | : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী। |
| ১৪) | **গ্রাচ্যুইটি** | : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী। |
| ১৫) | **অন্যান্য সুবিধাদি** | : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী। |
| ১৬) | **টারমিনেশন/চাকরির অপসারণ** | : কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০৩ (তিন) মাসের নোটিশ অথবা নোটিশের পরিবর্তে ০৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করত: এ নিয়োগ টারমিনেশন/চাকরির অবসান করার ক্ষমতা সিপিজিসিবিএল এর যথাযথ কর্তৃপক্ষ সংরক্ষণ করে। |
| ১৭) | **স্বেচ্ছায় পদত্যাগ** | : ০২ (দুই) মাসের অগ্রিম নোটিশ বা ০২ (দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করত: চাকুরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করা যেতে পারে। তবে কোন কারণে উক্ত ০২ (দুই) মাস সময়ের পূর্বে পদত্যাগের জন্য নোটিশ প্রদান করলে ০২ (দুই) মাস পূর্ণ হতে যতদিন কম হবে ততদিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ জমা প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করা যাবে। |
| ১৮) | **কর্তব্য পালনে ব্যর্থতায় টারমিনেশন / চাকরিচ্যুতি/ চাকরির অবসান** | : বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা কিংবা দুর্নীতিগ্রস্ত হওয়া কিংবা দায়িত্বে চরম অবহেলা বা অসদাচরণ ইত্যাদির ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই তাঁর চাকরির অবসান করা যাবে। |
| ১৯) | **চাকুরির সুবিধাদি** | : ক) এই নিয়োগপত্রের ১৮নং শর্তানুযায়ী চাকুরির অবসান হলে সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী প্রাপ্য প্রান্তিক সুবিধাদি (গ্রাচ্যুইটি, ভবিষ্য তহবিল) (যদি থাকে) প্রদেয় হবে না।<br>খ) যথাযথ নোটিশ ব্যতিরেকে চাকরি হতে পদত্যাগ করলে সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী প্রাপ্য প্রান্তিক সুবিধাদি (গ্রাচ্যুইটি, ভবিষ্য তহবিল) (যদি থাকে) প্রদেয় হবে না। |

২০) **নিম্নলিখিত কাগজপত্রাদি যোগদানপত্রের সঙ্গে দাখিল করতে হবে; অন্যথায় প্রার্থীর যোগদানপত্র গ্রহণ করা হবে না:-**

ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;
খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও চাকুরির অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের ফটোকপি;
গ) ডোপ টেস্ট রিপোর্ট (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদিত হাসপাতাল/প্রতিষ্ঠান হতে);
ঘ) শারীরিক সুস্থতা/স্বাস্থ্যগত সনদপত্র [সহযোগী অধ্যাপক বা তদুর্ধ্ব পর্যায়ের সরকারি ডাক্তার/ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চিফ মেডিকেল অফিসার (সিএমও)/সিভিল সার্জন এর নিকট হতে]। পরবর্তীতে চাকুরি নবায়ন/মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে উক্ত সনদপত্র পুনরায় প্রদান করতে হবে;
ঙ) বর্তমান কর্মস্থলের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
চ) জাতীয় পরিচয়পত্র ও প্রার্থীর নিজ এলাকার স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিক সনদপত্র;
ছ) পুলিশি তদন্তের জন্য নির্ধারিত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম (স্বহস্তে যথাযথভাবে পূরণসহ)।

২১) **অন্যান্য শর্ত:-**

ক) এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;
খ) প্রার্থীকে সিপিজিসিবিএল এর যে কোন স্থানে বদলি করা যাবে এবং তিনি সিপিজিসিবিএল এর যে কোন দপ্তরে চাকরি করতে বাধ্য থাকবেন;
গ) চাকরিতে যোগদানের জন্য প্রার্থীকে কোন দৈনিক ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

বর্ণিত পদে যোগদানের জন্য প্রার্থীকে ব্যবস্থাপনা পরিচালক, সিপিজিসিবিএল, ইউনিক হাইটস (লেভেল-১৭), ১১৭ কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, ইস্কাটন গার্ডেন ঢাকা-১২১৭ এর নিকট যোগদানপত্র দাখিল করতে হবে এবং এই আদেশ জারির ১৪ (চৌদ্দ) দিনের (০৮/০১/২০২০) মধ্যে পদস্থিত দপ্তরে যোগদান করতে হবে। এই নিয়োগপত্রে উল্লিখিত শর্তাবলীর ব্যত্যয় বা নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজে যোগদান ব্যর্থ হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

নির্দেশক্রমে-

২৬/১২/১৯

**(মোহাম্মদ মতিউর রহমান)**
উপ-মহাব্যবস্থাপক
(এইচআরএম এন্ড এডমিন) (ভারপ্রাপ্ত)
ই-মেইল: cpgcblhr@gmail.com

**অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ব্যবস্থাপনা পরিচালক, সিপিজিসিবিএল, ঢাকা।
২. নির্বাহী পরিচালক (অর্থ/পিএন্ডডি/প্রকল্প), সিপিজিসিবিএল, ঢাকা।
৩. কোম্পানি সচিব, সিপিজিসিবিএল, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্ল্যানিং/প্রকিউরমেন্ট/যান্ত্রিক/তড়িৎ/পুর), সিপিজিসিবিএল, ঢাকা/মাতারবাড়ী সাইট অফিস, মহেশখালী, কক্সবাজার।
৫. ব্যবস্থাপক (হিসাব-অর্থ/নিরীক্ষা), সিপিজিসিবিএল, ঢাকা।
৬. জনাব মো: সফিউল্লাহ সরকার সবুজ, সহকারী প্রোগ্রামার, সিপিজিসিবিএল, ঢাকা *(নিয়োগপত্রটি সিপিজিসিবিএল এর ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।*
৭. অফিস কপি/মাস্টার কপি।